# বিআর১৫

মোটা ধানের ফলন বেশী
ছেলে বুড়ো সবাই খুশি

ফ্যাক্ট শীটঃ বোরো/আউশ ধানের জাত

## জাত পরিচিতি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত ধান বিআর১২ বোরো এবং আউশ মৌসুমে চাষাবাদের জন্য ১৯৮৩ সালে জাতীয় বীজ বোর্ডের অনুমোদন লাভ করে। এ ধানের জনপ্রিয় নাম মোহিনী।



বিআর১৫

## জাতের বৈশিষ্ট্য

- পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা বোরো মৌসুমে প্রায় ৯০ সেমি এবং আউশ মৌসুমে প্রায় ১০০ সেমি ।
- চাল মাঝারি মোটা, সাদা।

## জীবনকাল

জীবনকাল বোরো মৌসুমে ১৭০ দিন এবং আউশ মৌসুমে ১৩০ দিন।

## ফলন

বোরো মৌসুমে ফলন হেক্টর প্রতি ৫.৫ টন এবং আউশ মৌসুমে হেক্টর প্রতি ৪.৫ টন।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজ তলায় বীজ বপন ঃ** বোরো মৌসুমে ১৫-৩০ কার্তিক তারিখ (৩০ অক্টোবর-১৪ নভেম্বর) এবং আউশ মৌসুমে ১৫-৩০ চৈত্র (২৯ মার্চ-৩ এপ্রিল) ।

২. **চারার বয়স ঃ** বোরো মৌসুমে ৪৫-৫০ দিন এবং আউশ মৌসুমে ২০-৩০ দিন

৩. **চারার সংখ্যা ঃ** প্রতি গুছিতে ৩টি।

৪. **রোপন দুরত্ব ঃ** বোরো মৌসুমে ২৫×১৫ সেমি এবং আউশ মৌসুমে ২০×১৫ সেমি

৫. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ**

৫.১ (বোরো মৌসুমে)


| ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | দস্তা |
|---|---|---|---|---|
| ৪০ | ১৩ | ২২ | ১৫ | ১.৫ |

৫.২ (আউশ মৌসুমে)

| ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | দস্তা |
|---|---|---|---|---|
| ১৮ | ৭ | ১১ | ০ | ০ |

৫.৩ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে রোপণের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ৩০-৩৫ দিন পর ২য় কিস্তি এবং ৪৫-৫০ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

৫.৪ ইউরিয়া প্রয়োগের সঠিক সময় নির্ণয়ের জন্য লিফ কালার চার্ট ব্যবহার করতে হবে।



এলসিসির মাধ্যমে ইউরিয়ার চাহিদা নির্ধারণ

৬. **আগাছা দমন ঃ** রোপণের ৪০-৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৭. **সেচ ব্যবস্থাপনা ঃ** ধানের থোর অবস্থা থেকে দানা দুধ অবস্থায় জমিতে পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখতে হবে।

৮. **রোগ বালাই ও পোকামাকড় দমন ঃ** রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

৯. **ফসল কাটা ঃ** ধান কাটার উপযুক্ত সময় হলো বোরো মৌসুমের ক্ষেত্রে ৫-২০ বৈশাখ (১৮ এপ্রিল-৩ মে) এবং আউশ মৌসুমের ক্ষেত্রে ২০ শ্রাবণ-৫ ভাদ্র (৪ আগষ্ট-২০ আগষ্ট)।

ব্রি
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd